

ঘানায় হেলিকপ্টার বিধ্বস্তে সব আরোহী নিহত

- A Monitor Desk Report

Date: 07 August, 2025



ঢাকাঃ ঘানার প্রতিরক্ষা ও পরিবেশমন্ত্রী বুধবার (৬ আগস্ট) হেলিকপ্টার দুর্ঘটনায় নিহত হয়েছে বলে জানিয়েছে দেশটির প্রেসিডেন্টের কার্যালয়।

এর কয়েক ঘণ্টা আগে সশস্ত্র বাহিনী ৩জন ক্রু ও ৫জন যাত্রী নিয়ে একটি হেলিকপ্টার রাডার থেকে অদৃশ্য হয়ে যাওয়ার কথা জানায়। পরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, দুর্ঘটনায় হেলিকপ্টারে থাকা সবাই নিহত হয়েছে।

এডওয়ার্ড ওমানে বোআমাহ এ বছরের শুরুতে জানুয়ারিতে প্রেসিডেন্ট জন মহামা শপথ নেওয়ার পরই প্রতিরক্ষামন্ত্রী হিসেবে দায়িত্ব নেন।

অন্যদিকে ইব্রাহিম মুরতলা মুহাম্মাদ পরিবেশ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন।

প্রেসিডেন্টের চিফ অব স্টাফ জুলিয়াস ডেবরাহ বলেছেন, ‘প্রেসিডেন্ট ও সরকার আমাদের সহকর্মী ও দেশের সেবায় নিহত সেনা সদস্যদের পরিবারের প্রতি গভীর সমবেদনা ও শোক প্রকাশ করছে।’

চিকিৎসক হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত বোআমাহ এর আগে ২০১২-২০১৭ মেয়াদে মহামার সরকারের যোগাযোগমন্ত্রী ছিলেন। তারও আগে তিনি পরিবেশ উপমন্ত্রী হিসেবে কাজ করেন।

ঘানার সশস্ত্র বাহিনী বুধবার সকালেই জানায়, রাজধানী আক্রা থেকে সকাল ৯টার একটু পর বিমানবাহিনীর একটি হেলিকপ্টার উড্ডয়ন করে এবং রাডার থেকে হারিয়ে যায়। এটি রাজধানীর উত্তর-পশ্চিমে ওবুয়াসি শহরের দিকে যাচ্ছিল। এতে তিনজন ক্রু ও পাঁচজন যাত্রী ছিলেন। তবে তখনো তারা জানায়নি যে দুই মন্ত্রীও ওই হেলিকপ্টারে ছিলেন।

নিহতদের মধ্যে ছিলেন ঘানার জাতীয় নিরাপত্তাবিষয়ক উপসমন্বয়কারী ও সাবেক কৃষিমন্ত্রী আলহাজি মুনিরু মোহাম্মদ এবং মহামার ন্যাশনাল

ডেমোক্রেটিক কংগ্রেস (এনডিসি) দলের সহসভাপতি স্যামুয়েল সারপং।

জুলিয়াস ডেবরাহ জানিয়েছেন, এ দুর্ঘটনায় শোক প্রকাশের জন্য সব সরকারি ভবনে পতাকা অর্ধনমিত রাখা হবে। পাশাপাশি প্রেসিডেন্টের কার্যালয় জানিয়েছে, প্রেসিডেন্ট মহামা এদিনের সব সরকারি কর্মসূচি বাতিল করেছেন।

-B